দৈনিক ইত্তেফাক

তারিখ 12 NOV 1988 ... ...
পৃষ্ঠা ... ... ... 1 কলাম 6 ... ...

081

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# 'তথ্য মাধ্যমকে যুগের উপযোগী করিতে হইবে'

প্রেসিডেন্ট এরশাদ তথ্য ও প্রশাসনিক ক্ষেত্রে ঔপনিবেশিক দৃষ্টিভঙ্গীর সম্পূর্ণ পরিবর্তন ঘটাইয়া তথ্য মাধ্যমকে যুগের চাহিদা অনুযায়ী গড়িয়া তোলার প্রয়োজ-

(২য় পৃঃ দ্রঃ)

## তথ্য মাধ্যমকে

(১মপৃঃ পর)

নীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন।

বাসস জানায়, প্রেসিডেন্ট গতকাল (শুক্রবার) ঠাকুরগাঁওয়ে রেডিও বাংলাদেশের ২০ কিলোওয়াট ট্রান্সমিশন কেন্দ্র উদ্বোধন করিয়া বলেন, বাংলাদেশের মত একটি দেশে প্রশাসনিক তথ্য ব্যবস্থাকে এমনভাবে গড়িয়া তুলিতে হইবে যাহা বিভিন্ন উন্নয়ন সংস্থা ও পল্লী অঞ্চলের বিপুল জনগোষ্ঠীর দৃষ্টিভঙ্গীর ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনিবে এবং অধিকতর উন্নয়ন তৎপরতা ও জনগণের অংশগ্রহণ নিশ্চিত করিবে। তিনি এ ব্যাপারে চিন্তা-ভাবনা করার জন্য রেডিও বাংলাদেশের অফিসার ও কর্মচারীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে তথ্যমন্ত্রী মাহবুবুর রহমান, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরী, তথ্য সচিব এ এন এম ইউসুফ ও জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ চেয়ারম্যান সাইফুল বারীও বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বলেন, রেডিও বাংলাদেশ-এর গৌরবময় ঐতিহ্য রহিয়াছে। ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর একটি ভারাটে বাড়ীতে ৫ কিলোওয়াট ট্রান্সমিটার লইয়া রেডিও বাংলাদেশের যাত্রা শুরু হয়। বর্তমানে ইহার ১৪টি মিডিয়াম ওয়েভ, ৫টি শর্টওয়েভ ও ১৪টি এফএম ট্রান্সমিটার রহিয়াছে। গড়ে ৯২ ঘন্টা অনুষ্ঠান ও সংবাদ বুলেটিন প্রচার করিয়া এগুলি দেশ ও বিদেশের কোটি কোটি শ্রোতার চাহিদা পূরণ করিতেছে। রেডিও বাংলাদেশ আমাদের ঐতিহ্য ও সংস্কৃতি লালন এবং উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতেছে। সাম্প্রতিক প্রলয়ঙ্করী বন্যা দেশের দারিদ্র্য, নিরক্ষরতা ও জনসংখ্যা বিস্ফোরণ সমস্যাকে আরও প্রকট করিয়া তুলিয়াছে। জাতীয় দুর্যোগের সময় জনগণের নৈতিক মনোবল রক্ষায় রেডিও বাংলাদেশের ভূমিকার কথা জনগণ কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ রাখিবে।

তিনি বলেন, ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র যেভাবে জনগণের আশাকে প্রজ্বলিত রাখিয়াছিল, দেশের সাম্প্রতিক বন্যার সময়ও ইহা একইভাবে দুর্গত জনগণকে সাহস ও উৎসাহ যোগায়।

প্রেসিডেন্ট বলেন, বর্তমানে দেশে বন্যা পরবর্তী পুনর্বাসন কাজ চলিতেছে। তিনি জমি চাষ এবং ক্ষতিগ্রস্ত রাস্তা, শিল্প ও অবকাঠামোগত সুবিধাসমূহ পুনর্নির্মাণ করিয়া প্রলয়ঙ্করী বন্যার ক্ষতি কাটাইয়া উঠার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, এ ব্যাপারে রেডিও বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতে পারে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, দেশের প্রত্যন্ততম অঞ্চলকেও রেডিও বাংলাদেশের নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে শীঘ্রই বগুড়া ও চট্টগ্রামে দুইটি ১০০ কিলোওয়াট ট্রান্সমিটার চালু করা হইবে। কুমিল্লার একটি ১০ কিলোওয়াট ট্রান্সমিটার চালু করা হইয়াছে এবং ইহাকে একটি পূর্ণাঙ্গ বেতার কেন্দ্র হিসাবে রূপান্তরিত করার বিষয়টি সরকার চিন্তা-ভাবনা করিতেছেন।

প্রেসিডেন্ট বলেন, রাঙ্গামাটিতে একটি দুই কিলোওয়াট ট্রান্সমিটার চালু রহিয়াছে এবং ইহাকে ১০ কিলোওয়াটে উন্নীত করার প্রস্তাব রহিয়াছে।